

ছাত্রী হলগুলোতে প্রাথী সংকট, গণতান্ত্রিক ছাত্র সংসদের প্যানেল ঘোষণা

ওয়াজহাতুল ওয়াস্তি, জাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৯:১৬, ২২ আগস্ট ২০২৫



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (জাকসু) মনোনয়ন ফরম জমাদানের সময় গত বৃহস্পতিবার শেষ হয়েছে। দীর্ঘ প্রতীক্ষার পর আয়োজিত এই নির্বাচনে কেন্দ্রীয় সংসদের হাড়ডাহাড়ি লড়াই হতে চললেও হল সংসদগুলোতে রয়েছে প্রাথী সংকট। বিশেষ করে ছাত্রী হলগুলোর বেশ কয়েকটিতে পূর্ণাঙ্গ প্যানেলে প্রাথীই পাওয়া যায়নি।

অপরদিকে নির্বাচনে নিজেদের প্যানেল ঘোষণা করেছে গণতান্ত্রিক ছাত্র সংসদ। শুক্রবার বিকেল সাড়ে চারটায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের পাদদেশে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। সাভারের শহীদ নাফিসা মারওয়ার মামা হজরত আলী এ প্যানেল ঘোষণা করেন। অপরদিকে এখন পর্যন্ত প্যানেল ঘোষণা করেনি শাখা ছাত্রদলসহ বামপন্থী সংগঠনগুলো।

হল সংসদের গঠনতন্ত্র থেকে জানা যায়, হল সংসদে মোট ১৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন প্রার্থী। পদগুলো হলো: সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্ম-সাধারণ সম্পাদক, সাহিত্য সম্পাদক, রিডিং রুম বিষয়ক সম্পাদক, কমন রুম বিষয়ক সম্পাদক, ডাইনিং ও ক্যান্টিন বিষয়ক সম্পাদক, স্বাস্থ্য সম্পাদক, সমাজসেবা সম্পাদক, সামাজিক বিনোদন ও নাট্য সম্পাদক, ক্রীড়া সম্পাদক, সহ-ক্রীড়া সম্পাদক এবং ৩ জন কার্যকরী সদস্য।

জাকসুর নির্বাচন কমিশন জানায়, ছাত্রদের মধ্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হলে সবচেয়ে বেশি মনোনয়ন ফরম জমা দিয়েছেন প্রার্থীরা। এই হলে মোট ৬০টি ফরম জমা পড়েছে। এছাড়া শহীদ তাজউদ্দীন হলে ৪৯টি, ২১ নং ছাত্র হলে ৩৮টি, মীর মশাররফ হোসেন হল ৩ ও ১০ নং ছাত্র হলে ৩০টি, মওলানা ভাসানী হলে ২৭টি, আ ফ ম কামাল উদ্দিন হল, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল ৩ ও শহীদ

সালাম বরকত হলে ২২টি এবং শহীদ রফিক জব্বার হলে ২১টি
মনোনয়ন ফরম জমা দিয়েছেন প্রার্থীরা।

অপরদিকে ছাত্রী হলগুলোতে বীরপ্রতীক তারামন বিবি হল, ১৫ নং
ছাত্রী হল ও রোকেয়া হলে ১৫টি পদের বিপরীতে সর্বোচ্চ ১৭টি করে
মনোনয়ন ফরম জমা পড়েছে। এছাড়া জাহানারা ইমাম হলে ১৬টি,
ফজিলাতুন্নেসা হলে ১৫টি করে মনোনয়ন ফরম জমা দিয়েছেন
প্রার্থীরা। তবে পাঁচটি হলে ১৫টি পদের কোটা পূরণ হয়নি। এর মধ্যে
১৩ নং ছাত্রী হল ও নোয়াব ফয়জুন্নেসা হলে মাত্র ৬টি করে মনোনয়ন
ফরম জমা পড়েছে। এছাড়া প্রীতিলতা হল, বেগম খালেদা জিয়া হল
এবং বেগম সুফিয়া কামাল হলে ঘথাক্রমে ১৩টি, ১১টি এবং ১০টি করে
মনোনয়ন ফরম জমা দিয়েছেন প্রার্থীরা।

গণতান্ত্রিক ছাত্র সংসদের প্যানেল ঘোষণা

এদিকে, জাকসু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্য 'শিক্ষার্থী ট্রাক্য
ফোরাম' নামে ২৩ সদস্যের প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ
গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগচাস) জাবি শাখা। বিকাল সাড়ে চারটার
দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের পাদদেশে এক সংবাদ সম্মেলনে
এ প্যানেল ঘোষণা করেন জুলাই গণ-অভ্যর্থনে সাভারে নিহত শহীদ
নাফিসা মারওয়ার মামা হজরত আলী।

বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ সমর্থিত এই প্যানেলে সহ-সভাপতি
(ভিপি) পদে নির্বাচন করবেন সংগঠনটির জাবি শাখার আহ্বায়ক
আরিফুজ্জামান উজ্জ্বল এবং সাধারণ সম্পাদক পদে নির্বাচন করবেন
সংগঠনটির সদস্য সচিব আবু তোহিদ মোহাম্মদ সিয়াম।

প্যানেলে সহ-সাধারণ সম্পাদক (ছেলে) পদে সংগঠনটির যুগ্ম
আহ্বায়ক জিয়াউদ্দিন আয়ান, সহ-সাধারণ সম্পাদক (মেয়ে) পদে
মালিহা নামলা, শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে ফারহানা বিনতে
জিগার ফারিনা, পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণ বিষয়ক সম্পাদক মো.
সাজ্জাদ হোসেন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক পদে মাজিউর রহমান
চৌধুরী, সাংস্কৃতিক সম্পাদক পদে রাষ্ট্রীয় হোসেন, সহ-সাংস্কৃতিক

সম্পাদক পদে ফাতেমা তুজ জোহরা (বৈশাখী), সহ-ক্রীড়া সম্পাদক (নারী) পদে সাবিকুন্নাহার (পলি), সহ-ক্রীড়া সম্পাদক (পুরুষ) রিং ইয়ং মুরং (রশদ), তথ্য-প্রযুক্তি ও গ্রন্থাগার সম্পাদক পদে সফিব আল মাহমুদ অর্ণব, সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক আহসান লাবীব, সহ-সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক (নারী) পদে নাদিয়া রহমান অব্বেষা, সহ-সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক (পুরুষ) পদে কাজী মেহরাব (তুর্য), স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তা বিষয়ক সম্পাদক পদে নাসিম আল তারিক, পরিবহন ও যোগাযোগ সম্পাদক মো. নাহিদ হাসান (ইমন) নির্বাচন করবেন।

এছাড়া কার্যকরী সদস্য পদে নারীদের জন্য নির্ধারিত পদে নির্বাচন করবেন পৃষ্ঠতী খান, তানজিলা তাসনীম সেতু এবং আফিয়া ইবনাত সামিহা। আর কার্যকরী সদস্য পদে ছেলেদের জন্য নির্ধারিত তিনটি পদে নির্বাচন করবেন সাদাত হানে ইসলাম, জামিন আহমেদ এবং মোহাম্মদ আলী চিশতি।

সংবাদ সম্মেলনে বাগচাস নেতারা জানায়, তাদের প্যানেলে ৮ জন নারী শিক্ষার্থী রাখা হয়েছে। এদের মধ্যে সংরক্ষিত ৬টি নারী পদে ৬ জন নারী প্রার্থী রয়েছে। প্যানেলে একজন আদিবাসী শিক্ষার্থীকে রাখা হয়েছে। তবে বাংলাদেশ অনুর্ধ্ব-২৩ জাতীয় ফুটবল দলের খেলোয়াড় ও বিশ্ববিদ্যালয়ের ৪৮ ব্যাচের শিক্ষার্থী মাহমুদুল হাসান কিরণের সম্মানার্থে ক্রীড়া সম্পাদক পদে কোনো প্রার্থী রাখেননি তারা। এ ছাড়া নাট্য সম্পাদক পদটিও ফাঁকা রাখা হয়েছে।

প্যানেল ঘোষণা শেষে সহসভাপতি প্রার্থী আরিফুজ্জামান বলেন, আমাদের প্যানেলে অন্য কোনো রাজনৈতিক দলের সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়নি। বিশ্ববিদ্যালয়ের যেসব সচেতন শিক্ষার্থী দীর্ঘদিন ধরে অন্যসব শিক্ষার্থীর অধিকার আদায়ের জন্য কাজ করাসহ গণ-অভ্যুত্থানের স্পিরিটকে ধারণ করে গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য কাজ করেছে এবং ৫ আগস্টের পর থেকে

বিশ্ববিদ্যালয় সংস্কারসহ বিভিন্ন আন্দোলনে সম্মুখসারিতে থেকে কাজ করেছে আমরা তাদের অন্তর্ভুক্ত করার চেষ্টা করেছি।

প্যানেল ঘোষণা করতে পারেনি ছাত্রদল ও বামপন্থী সংগঠনগুলো এদিকে, জাকসু নির্বাচন উপলক্ষে জাবি ছাত্রশিবির ও গণতান্ত্রিক ছাত্র সংসদ নির্বাচনের প্যানেল ঘোষণা করলেও এখন পর্যন্ত প্যানেল ঘোষণা করতে পারেনি জাতীয়তাবাদী ছাত্রদল ও বাম সংগঠনগুলো।

শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ও সদস্য পদমর্যাদার অন্তত পাঁচজন নেতার সাথে কথা বলে জানা যায়, শাখা ছাত্রদলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব প্যানেল ঘোষণার ক্ষেত্রে সবচেয়ে বড় বাধা। বিশেষ করে একাধিক গ্রন্তিপাং থাকায় প্রত্যেক গ্রন্তিপাং সিনিয়র নেতাই চাচ্ছেন তার অনুসারীকে শীর্ষ পদের প্রার্থী ঘোষণা করার। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষকও প্যানেল গঠন কার্যক্রমে প্রভাব বিস্তারের চেষ্টা করছেন বলে জানা যায়। এজন্য সিদ্ধান্ত গ্রহণে দ্বিধায় পড়ে গেছেন শাখা ছাত্রদল ও কেন্দ্রীয় ছাত্রদলের নেতৃত্বালন।

তবে শাখা ছাত্রদলের আহ্বায়ক জহির উদ্দিন বাবর জানিয়েছেন তাদের প্যানেল প্রস্তুত আছে। তিনি বলেন, আমাদের প্যানেল প্রস্তুত করা হয়েছে। তবে যেহেতু জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থিত প্যানেল ঘোষণা করা হবে, সাংগঠনিক স্ট্রাকচার অনুযায়ী সেন্ট্রাল কমিটির গ্রিন সিগন্যাল পেলেই আমরা প্যানেল ঘোষণা করবো। আশা করি আমরা দুই-একদিনের মধ্যে প্রেস কনফারেন্সের মাধ্যমে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করতে পারবো।

অপরদিকে প্যানেল ঘোষণার বিষয়ে জানতে চাইলে ছাত্র ইউনিয়ন জাবি সংসদের একাংশের সভাপতি জাহিদুল ইসলাম ইমন বলেন, আমরা দ্রুতই প্যানেল ঘোষণা করবো। আপনাদের আনুষ্ঠানিকভাবে জানাবো।

ছাত্র ইউনিয়ন অপরাংশের সাধারণ সম্পাদক ফাইজান আহমেদ অর্ক বলেন, যেহেতু এখনও প্রচারণা শুরু হয়নি তাই প্যানেল ঘোষণা করা হয়নি। আমাদের প্যানেল প্রস্তুত আছে।

